গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মোহাম্মদ জিয়াউল হক যুগ্মসচিব (সিপি) (অতিরিক্ত দায়িত্ব) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	১০/০২/২০২১ খ্রি.,
সভার সময়	১১.০০ টা
স্থান	যুগ্মসচিব (সিপি)-এর অফিস কক্ষ (ভবন নং-০৩, কক্ষ নং ১০৯) জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপসচিব, সিপি-৩ কে আলোচনার বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। উপসচিব, সিপি-৩ সভাকে অবহিত করেন যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ ইনোভেশন টিমের সভা ২৯/১০/২০২০ তারিখে অনুষ্ঠত হয়েছিল। উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এ মন্ত্রণালয়ের তিনটি উদ্ভাবনী ধারণার অগ্রগতি সভায় অবহিত করার জন্য স্ব স্ব কর্মকর্তাকে অনুরোধ করেন।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের "Accommodation সফটওয়্যার" এর বিষয়ে উপসচিব, প্রশাসন-৫ শাখার কর্মকর্তা জনাব মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী সভায় জানান যে, "Accommodation সফটওয়্যার" টি তৈরি করা হয়েছে এবং সফটওয়্যারে বর্তমানে ডাটা এণ্ট্রির কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে প্রশাসন-৫ শাখা হতে পেনশন সম্পর্কিত কার্যাদি সম্পন্ন করা হয়ে থাকে। তিনি অনলাইন পেনশন কেস রেজিস্ট্রার চালু করলে সেবাগ্রহীতাদের পেনশন কেস নিষ্পত্তি করতে সহজ হবে মর্মে জানান।

০৪। পরিকল্পনা-২ শাখা হতে জানানো হয় যে, 'Online Application system' under the Strengthening Government through Capacity Development of the BCS Cadre officials Phase-ll (1st Revised Project, MOPA এর কার্যক্রম পরীক্ষামূলকভাবে শাখায় চলমান আছে। পরীক্ষামূলকভাবে চলমান কার্যক্রমের মাধ্যমে কাঙ্খিত ফলাফল পাওয়া গেলে এই উদ্ভাবনী কার্যক্রমটি চূড়ান্তভাবে ব্যবহার করা সম্ভব হবে।

০৫। কল্যাণ শাখা হতে জানানো হয় যে, Financial Grant Management System উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বর্তমানে এ শাখা হতে EFT এর মাধ্যমে সেবাগ্রহীতাদের নিকট আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম চলমান আছে।

০৬।	জনাব মোছা: নাজমা নাহার, সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা হতে জানান যে প্রতিদিন জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা-কমচারীসহ সর্বসাধারণের নিকট হতে তথ্য জানার জন্য অসংখ্য টেলিফোন কল পাওয়া যায়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে mopa information বিষয়ক একটি আলাদা ওয়েবলিংক তৈরি করা সম্ভব হলে বিভিন্ন দপ্তর/সংস্থা/সর্বসাধারণের সেবাগ্রহীতাদের প্রশ্নের জবাব দেয়া সম্ভব হবে। এক্ষেত্রে প্রতিটি অনুবিভাগ হতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত থাকতে পারে। ফোকাল পয়েন্ট কর্মকর্তার অধীনে স্ব স্ব শাখার কর্মকর্তাগণ দিনের শুরুতে অথবা সুবিধাজনক সময়ে তার শাখা সম্পর্কিত প্রশ্নের জবাব দিতে পারেন।

০৭।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমটি প্রশাসন-১ শাখা হতে ৩০ জুন ২০১৯ তারিখের ০৫.০০.০০০০. ১১০.৯৯.১২৩.০৮-১০১৭ নং স্মারকে গঠিত হয়েছে। উক্ত কমিটির অনেক কর্মকর্তা বর্তমানে এ মন্ত্রণালয়ে কর্মরত নেই। সভায় উপস্থিত সকলে সর্বসম্মতিক্রমে কমিটি পুনর্গঠন করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। প্রস্তাবিত কমিটি বেগম শেলিনা খানম, উপসচিব, সিআর-৩ শাখা, জনাব খালিদ মেহেদী হাসান, উপসচিব, সিপি-১ শাখা, জনাব মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী, উপসচিব, প্রশাসন-৫ শাখা, জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জনাব মোছা: নাজমা নাহার, সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা, জনাব পুর্শিয়া আক্তার, সিনিয়র সহকারী সচিব, সওব্য-২ শাখা, জনাব মো: শফিকুর আলম, সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনাব মো: মোস্তফা, অ্যাসাইনমেন্ট অফিসার, বাবাকো, জনাব ডা: মো: তানজিরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট, সরকারী কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা এর সমন্বয়ে গঠন করা প্রয়োজন মর্মে সকলে মতামত ব্যক্ত করেন।

০৮।	প্রশাসনিক পরিভাষা সংক্রান্ত অ্যাপস তৈরীর জন্য আনুমানিক ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা খরচ হবে মর্মে অ্যাসাইনমেন্ট অফিসার জানান। প্রশাসনিক পরিভাষা অ্যাপটি এইচ.আর. সফ্‌ট বিডি নামীয় সফ্‌টওয়্যার প্রতিষ্ঠান করবেন। এখানে উল্লেখ্য যে, প্রশাসনিক পরিভাষা অ্যাপটি এ্যান্ডরয়েড, আইওএস, এবং ওয়েব ভার্সনে দেখা যাবে।

০৯।	বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

(ক) "Accommodation সফটওয়্যার" এ প্রয়োজনীয় আপডেটের কাজ চলমান রাখা এবং প্রশাসন-৫ শাখার উপসচিব জনাব মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী আগামী সভায় অনলাইন পেনশন কেস রেজিস্ট্রার চালুর বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করবেন।

(খ) 'Online Application system' under the Strengthening Government through Capacity Development of the BCS Cadre officials Phase-ll (1st Revised Project, MOPA এর কার্যক্রম পরীক্ষামূলকভাবে চলমান রাখতে হবে।

(গ) Financial Grant Management System উদ্ভাবনী উদ্যোগের দ্বারা EFT এর মাধ্যমে সেবাগ্রহীতাদের নিকট আর্থিক অনুদান প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে।

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে mopa information বিষয়ক একটি আলাদা ওয়েবলিংক তৈরির বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি আগামী সভায় বিস্তারিতভাবে কমিটিকে অবহিত করবেন।

(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটি অনেক পুরাতন হওয়ায় প্রস্তাবিত নতুন ইনোভেশন কমিটি গঠন করতে হবে।

(চ) প্রশাসনিক পরিভাষা সংক্রান্ত অ্যাপস তৈরীর জন্য আরও কিছু প্রতিষ্ঠানের নিকট হতে মূল্য ও গুণগতমান যাচাই করা প্রয়োজন।

১০। অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোহাম্মদ জিয়াউল হক
যুগ্মসচিব (সিপি) (অতিরিক্ত দায়িত্ব) ও চিফ
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০২.২০.২৫

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৭
১৭ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক, সরকারী কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা
২) উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) উপসচিব, সিপি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫) উপসচিব, প্রশাসন-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬) সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)
৮) অ্যাসাইনমেন্ট অফিসার, অনুবাদ উপকোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়
৯) ডা: মো: তানজিরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট, ফুলবাড়িয়া, ঢাকা
১০) ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

আবুল হায়াত মোঃ রফিক
উপসচিব